

প্রশাসনিক কর্তৃপক্ষের নির্দেশনা এবং তিতাস গ্যাস টি এন্ড ডি কোং লি. এর ব্যবস্থাপনা কর্তৃপক্ষের ঐকান্তিক প্রচেষ্টায় কোম্পানির সিস্টেম লস হ্রাসকরণের লক্ষ্যে সফলভাবে কার্যক্রম পরিচালিত হচ্ছে। অবৈধ গ্যাস ব্যবহার সনাক্তকরণ ও সংযোগ বিচ্ছিন্নকরণে ডিজিট্যালস ডিভিশনের নিয়মিত বিশেষ পরিদর্শন কার্যক্রম পরিচালনা এবং মোবাইল কোর্টের মাধ্যমে পরিচালিত অবৈধ গ্যাস পাইপ লাইন অপসারণ ও সংযোগ বিচ্ছিন্নকরণ কার্যক্রম মনিটরিং করা হচ্ছে।

২০১৮-১৯ হতে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত কোম্পানির ক্রয়-বিক্রয়ের পার্থক্য তথা মোট সিস্টেম লস সম্পর্কিত তথ্য নিম্নে প্রদত্ত হলো :

অর্থবছর	ক্রয়-বিক্রয়ের পার্থক্য (মোট সিস্টেম লস)	
	পরিমাণ (এমএমসিএম)	শতকরা হার (%)
২০১৮-১৯	১০০৩.৮৩	৫.৭১
২০১৯-২০	৩০৮.৩২	২.০০
২০২০-২১	৩২৩.৬৪	২.০০
২০২১-২২	৩২০.৫০৭	২.০০
২০২২-২৩	৮০৬.৫৮৫	৫.২৮